

মুগ্ধান্ত্য

প্রিন্ট: ১১ ডিসেম্বর ২০২৫, ০৯:১৯ এএম

শিক্ষাজ্ঞন

জবি শিক্ষক সমিতির নির্বাচন ১৪ ডিসেম্বর



জবি প্রতিনিধি

প্রকাশ: ১১ ডিসেম্বর ২০২৫, ০৮:০৮ এএম



জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির নির্বাচন-২০২৫-এর তফসিল ঘোষণা করা হয়েছে।
তফসিল অনুযায়ী আগামী ১৪ ডিসেম্বর নির্বাচন অনুষ্ঠিত হবে।

বুধবার (১০ ডিসেম্বর) জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির প্রধান নির্বাচন কমিশনার অধ্যাপক ড. মোহাম্মদ মোস্তাফিজুর রহমান স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এই নির্বাচনী তফসিল ঘোষণা করা হয়।

তফসিলে বলা হয়েছে, ১৭ ডিসেম্বর থেকে ১৮ ডিসেম্বর প্রতিদিন সকাল সাড়ে ১২টা থেকে বিকেল ৩টা পর্যন্ত মনোনয়নপত্র সংগ্রহ করা যাবে। ২০ ডিসেম্বর মনোনয়নপত্র যাচাই-বাচাই শেষে বিকেল ২টায় প্রাথমিক প্রার্থী তালিকা প্রকাশ করা হবে। ২১ ডিসেম্বর সকাল ৯টা থেকে দুপুর ১২টা পর্যন্ত প্রার্থিতা প্রত্যাহার করা যাবে। ২৪ ডিসেম্বর সকাল ৯টা থেকে বিকাল আড়াইটা পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের শিক্ষক মিলনায়তনে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে। গণনা শেষে একই দিন ফলাফল প্রকাশ করা হবে।

কার্যনির্বাহী সদস্য পদে ১ হাজার টাকা এবং অন্যান্য সম্পাদকীয় পদে দেড় হাজার টাকা মনোনয়ন ফরমের মূল্য ধার্য করা হয়েছে।

গুরু হওয়া তিন নেতার সন্ধান চেয়ে জবি ছাত্রদলের মানববন্ধন

বুধবার দুপুরে নবগঠিত নির্বাচন কমিশনের সদস্যরা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. রেজাউল করিম এবং কোষাধ্যক্ষ অধ্যাপক ড. সাবিনা শরমীনের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন। এ সময় নির্বাচন প্রক্রিয়া সুরু ও নিরপেক্ষভাবে সম্পন্ন করার বিভিন্ন দিক নিয়ে আলোচনা হয়।

রসায়ন বিভাগের অধ্যাপক ড. মোস্তাফিজুর রহমানকে প্রধান করে গঠিত পাঁচ সদস্যের নির্বাচন কমিশনের অন্যান্য সদস্য হলেন—উদ্বিদবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. কাজী সাখাওয়াত হোসেন, আইন বিভাগের সহযোগী অধ্যাপক আহমদ ইহসানুল করীর, লোক প্রশাসন বিভাগের সহকারী অধ্যাপক আয়শা জাহান এবং ইসলামিক স্টাডিজ বিভাগের সহযোগী অধ্যাপক ড. তারেক বিন আতিক।